গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-৩ শাখা

# পরিদর্শন প্রতিবেদন

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : সাবরাং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্র, টেকনাফ, কক্সবাজার।

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ০৫-০৫-২০২৩খ্রি.

০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম :

০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

| ক্রম | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | উপসহকারী কমিউনিটি মেডিকিল অফিসার | ০১ | ০ | ০১ | বেসরকারি সংস্থা (RTM) কর্তৃক নিয়োগকৃত ( ডাক্তার-১, মিডওয়াইফ-৪, প্যারামেডিক-১, ক্লিনিক্যাল এইড-২, ক্লিনার-৩, সিকিউরিটি গার্ড-৩) জনবল নিয়ে প্রতিষ্ঠানটির কার্যক্রম চলমান। |
| ০২. | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ০১ | ০১ | ০ | |
| ০৩. | অফিস সহায়ক/ নিরাপত্তা প্রহরী | ০১ | ০ | ০১ | |
| ০৪. | আয়া | ০১ | ০১ | ০ | |
| | সর্বমোট | ০৪ | ০২ | ০২ | |

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : সকল কর্মকর্তা ও কর্মচারী পরিদর্শনের দিন উপস্থিত ছিলেন।

০৬। পরিদর্শনকালে কোন Stackholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : উপস্থিত কয়েকজন সেবা গ্রহিতার সাথে কথা বলা হলে তারা নিয়মিত সেবা পেয়ে থাকেন বলে মতামত প্রদান করেন।

০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরন (প্রযোজ্য ক্ষেত্রে) : ---

০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : প্রতিষ্ঠানটি কক্সবাজার জেলার সর্ব উত্তর দিকে সমুদ্রতীরবর্তী এলাকায় অবস্থিত। প্রতিষ্ঠানটিতে সেবা প্রদানের সার্বিক পরিবেশ বিদ্যমান রয়েছে এবং পরিচ্ছন্নতাও মান সম্মত। বর্জ্য ব্যবস্থাপনা জন্য একটি বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট তৈরি করা হয়েছে।

০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : ৪০ শতাংশ জমির উপর দ্বিতলা বিশিষ্ট ভবন। পরিবার কল্যাণ পরিদর্শিকার জন্য দ্বিতীয় তলায় থাকার ব্যবস্থা রয়েছে। প্রয়োজনের তুলনায় অবকাঠামো বাড়ানো দরকার। চারদিকের সীমানা প্রাচীর দ্রুত মেরামত প্রয়োজন।

১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে উপযোগী। বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা রয়েছে। জরুরী সেবা নিশ্চিত করণে বেসরকারি সংস্থা কর্তৃক ০২ টি এম্বুলেন্স এর ব্যবস্থা করা হয়েছে।

১১। কোন সমস্যা/চাহিদা :

(ক) উপসহকারী কমিউনিটি মেডিকিল অফিসার ০১ (এক) জন পদায়ন প্রয়োজন;
(খ) অফিস সহকারী ০১ (এক) জন পদায়ন প্রয়োজন;
(গ) সীমানা প্রাচীর পুরাতন হওয়ায় এবং সীমানা প্রাচীর উঁচু করে পুন:নির্মাণ প্রয়োজন;
(ঘ) পানির ট্যাংক নষ্ঠ থাকায় পানি সরবহার ব্যহত হচ্ছে।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/ সুপারিশ) : ১. সীমানা প্রাচীর মেরামত এবং প্রতিষ্ঠানটির সাইনবোর্ড ঠিক করা পানির ট্যাংক মেরামতের ব্যবস্থা করনে উপসহকারী প্রকৌশলী (HED)কে নির্দেশনা প্রদান করা হয়।

২. দ্রুত জনবল নিয়োগের উদ্দ্যেগ নিতে হবে;

৩. সেবা গ্রহিতাদের স্থায়ী পদ্ধতি ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে;

৪. প্রতিষ্ঠানের জমি রেজিস্ট্রেশন করা হয়েছে, তবে নামজারীর ব্যবস্থা করতে হবে।

৫. স্বাভাবিক প্রাতিষ্ঠানিক প্রসব সেবা এপ্রিল মাসে ১৭ থেকে বৃদ্ধি করে পরবর্তী মাসে ৩০ এ উন্নীত করার সুপারিশ করা হলো।

৫.৫.২৬

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম ও পদবী